

পশ্চিমবঙ্গ সরকার  
পূর্ব বর্ধমান জেলা আধিকারিকের করণ  
পূর্ব বর্ধমান-৭১৩১০১

পত্রাক নং :- 2490 DH & FWS/ASHA

তারিখ :- 01/02/2023

বিজ্ঞপ্তি


পশ্চিমবঙ্গ সরকারের রাজ্য মিশন ডাইরেক্টর এন আর এইচ এম এর 27/06/2012 তারিখের HFW/NRHM-20/2006/(Part II)1631 পথনির্দেশিকা, 06/09/2021 তারিখের HFW-27011/375/2018-NHM SEC-Dept. of H&FW/2667 পত্রাক অনুসারে কাটোয়া, কালনা, বর্ধমান সদর উত্তর ও বর্ধমান সদর দক্ষিণ মহকুমা এলাকার সংযুক্ত তফসিলে বর্ণিত বিভিন্ন উপস্বাস্থ্য কেন্দ্রে শূন্যপদের সংখ্যা অনুযায়ী চুক্তি ভিত্তিক ASHA (Accredited Social Health Activists) কর্মী নিয়োগের জন্য এতদ্বারা বিজ্ঞপ্তি জারি করা হল এবং দরখাস্ত এর জন্য আহ্বান করা হল। শূন্যপদের বিস্তারিত তথ্য এবং আবেদন পত্র 01/02/2023 তারিখ থেকে সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ (BDO Office) থেকে পাওয়া যাবে। বিস্তারিত বিবরণ নিম্নলিখিত ওয়েবসাইটেও পাওয়া যাবে: [www.wbhealth.gov.in](http://www.wbhealth.gov.in) অথবা [www.purbabardhaman.nic.in](http://www.purbabardhaman.nic.in).

-ঃ নিয়মাবলী :-

- ১। প্রার্থীদের বয়স 01/01/2023 তারিখে অবশ্যই ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশীলি জাতি ও তপশীলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা 01/01/2023 তারিখে অবশ্যই ২২ থেকে ৪০ বছর।
- ২। কেবলমাত্র বিবাহিতা, বিধবা ও আইনত ভাবে বিবাহ বিচ্ছিন্না মহিলারাই আবেদন করতে পারবেন।
- ৩। প্রার্থীকে অবশ্যই ভারতের নাগরিক হতে হবে।
- ৪। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের বাসিন্দা হতে হবে।
- ৫। প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। মাধ্যমিক বা সমতুল বা উচ্চতর পরিক্ষায় উত্তীর্ণ প্রার্থী আবেদন করতে পারবেন। তবে সেক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত নম্বরই বিবেচিত হবে।
- ৬। তপশীলি জাতি এবং তপশীলি উপজাতি ভুক্ত প্রার্থীদের আইনত আধিকারিকের জারি করা তপশীলি জাতি এবং তপশীলি উপজাতির শংসাপত্রের অনুলিপি দাখিল করতে হবে।
- ৭। গ্রেড ওয়ান ও গ্রেড টু উত্তীর্ণ স্বয়ম্ভর গোষ্ঠীর সদস্য, প্রশিক্ষনপ্রাপ্ত রাই এবং লিংক ওয়ার্কররা অগ্রাধিকার পাবেন। সেক্ষেত্রে শংসাপত্রের অনুলিপি দাখিল করতে হবে।
- ৮। সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণে শনিবার, রবিবার ও ছুটির দিন বাদে যেকোন কাজের দিন সকাল ১১টা থেকে বিকাল ৩টা পর্যন্ত দরখাস্ত জমা দেওয়া যাবে। দরখাস্ত জমা নেওয়ার শেষ তারিখ ১৫/০২/২০২৩
- ৯। যে সমস্ত নথিপত্র দরখাস্তের সাথে দাখিল করতে হবে :-
  - ক) নিজের ভোটার কার্ড/রেশন কার্ডের স্ব-প্রত্যায়িত অনুলিপি।
  - খ) ) মাধ্যমিক বা তার সমতুল্য পরীক্ষার মার্কশীটের স্ব-প্রত্যায়িত অনুলিপি।
  - গ) মাধ্যমিক বা তার সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ডের স্ব-প্রত্যায়িত অনুলিপি।
  - ঘ) তপশীলি জাতি এবং তপশীলি উপজাতির উপযুক্ত শংসাপত্রের স্ব-প্রত্যায়িত অনুলিপি (যথাস্থানে প্রযোজ্য)।
  - ঙ) নিজের দুইটি পাসপোর্ট ফটোগ্রাফ।
  - চ) ৫ টাকা ডাক টিকিট সহ নিজ ঠিকানা লেখা খাম।
  - ছ) আইনত ভাবে বিবাহের / বিধবা/ আইনত ভাবে বিবাহ বিচ্ছিন্নার ক্ষেত্রে স্ব-প্রত্যায়িত নথিপত্র।
  - জ) উপযুক্ত কতৃপক্ষের দেওয়া গ্রেড ১ ও গ্রেড ২ স্বনির্ভর গোষ্ঠীভুক্ত সদস্য/ প্রশিক্ষন প্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কর প্রমানপত্র (যথাস্থানে প্রযোজ্য)।
  - ঝ) অন্যান্য নথি (যথাস্থানে প্রযোজ্য)

উল্লেখিত নথিগুলির যে কোন একটি দরখাস্তের সাথে সংযুক্ত না থাকলে বাতিল করা হবে। নিয়োগের পূর্বে প্রার্থীগণকে উল্লেখিত নথিগুলির আসল দেখাতে হবে। আবেদন পত্রের একটি নমুনা এবং ASHA-দের শূন্যপদের তালিকা সংযোজনী বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হল। বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হল। আবেদনপত্র যথাযত পূর্ণ করা না থাকলে আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে। নমুনার হস্তলিখিত অনুলিপি বা ফটোকপি দাখিল করা যাবে।

জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক পূর্ব বর্ধমান,

  
জেলা শাসক এবং চেয়ারপারসন,  
ASHA নির্বাচন কমিটি, পূর্ব বর্ধমান

অবগতির জন্য নিম্নলিখিত করণে প্রেরিত হল:-

- ১) মাননীয় রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় স্বাস্থ্য মিশন, পশ্চিমবঙ্গ সরকার।
- ২) মাননীয় সহ মিশন অধিকর্তা, জাতীয় স্বাস্থ্য মিশন, পশ্চিমবঙ্গ সরকার।
- ৩) মাননীয় মুখ্য স্বাস্থ্য আধিকারিক, পরিবার কল্যান সমিতি, পূর্ব বর্ধমান।
- ৫) মাননীয় অতিরিক্ত জেলাশাসক, (স্বাস্থ্য বিভাগ) পূর্ব বর্ধমান।
- ৬) মাননীয়/ মাননীয় মহকুমা শাসক, কাটোয়া, কালনা, বর্ধমান সদর উত্তর ও বর্ধমান সদর দক্ষিণ মহকুমা শাসক, পূর্ব বর্ধমান।
- ৭) মাননীয় ডি.পি.ও.(আই.সি.ডি.এস), সদস্য, ASHA নির্বাচন কমিটি, পূর্ব বর্ধমান।
- ৮) মাননীয় ডি. পি.এইচ. এন. ও, সদস্য, ASHA নির্বাচন কমিটি, পূর্ব বর্ধমান।
- ৯-৩১) মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক,..... সকল ব্লক, পূর্ব বর্ধমান।
- ৩২-৫৪) মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক,.....সকল ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, সদস্য, ASHA নির্বাচন কমিটি, পূর্ব বর্ধমান।

৩৭০৫২৩

জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক পূর্ব বর্ধমান

Prijantra G.

জেলা শাসক এবং চেয়ারপারসন,  
ASHA নির্বাচন কমিটি, পূর্ব বর্ধমান

